রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৪, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ই আশ্বিন, ১৪০৭/৩রা অক্টোবর, ২০০০

এস,আর,ও নং ৩০৪-আইন/২০০০—জননিরাপত্তা (বিশেষ বিধান) আইন, ২০০০ (২০০০ সনের ৭নং আইন) এর ধারা ২২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ১০-১১-১৪০৬ বাংলা মোতাবেক ২২-০২-২০০০ তারিখের এস,আর,ও নং ৫১-আইন/২০০০ দ্বারা জারীকৃত প্রজ্ঞাপন নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ

উক্ত প্রজ্ঞাপনের তফসিলের ক্রমিক নং ১ এর বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| জেলার নাম | ট্রাইব্যুনালের নাম | ট্রাইব্যুনালের অবস্থান | ট্রাইব্যুনালের এখতিয়ার |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| "ঢাকা | জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, ঢাকা-১ | ঢাকা জেলা সদর | রমনা, ধানমন্ডি, লালবাগ, কোতয়ালী, হাজারীবাগ, কামরাঙ্গীরচর, মোহাম্মদপুর। |
| ঢাকা | জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, ঢাকা-২ | ঢাকা জেলা সদর | সূত্রাপুর, ডেমরা, মতিঝিল, সবুজবাগ, খিলগাঁও, শ্যামপুর, কাফরুল। |
| ঢাকা | জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, ঢাকা-৩ | ঢাকা জেলা সদর | উত্তরা, গুলশান, ক্যান্টনমেন্ট, বাড্ডা, পল্লবী, তেজগাঁও, মীরপুর। |
| ঢাকা | জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, ঢাকা-৪ | ঢাকা জেলা সদর | সাভার, ধামরাই, কেরানীগঞ্জ, দোহার, নবাবগঞ্জ"। |



মূল্য ঃ টাকা ১.০০

২। এই প্রজ্ঞাপন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে ঢাকা জেলার জন্য বিদ্যমান "জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইবুনাল" প্রজ্ঞাপন কার্যকর হইবার সংগে সংগে "জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইবুনাল, ঢাকা-১" রূপে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহজাহান মজুমদার**
উপ-সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।